গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, দিনাজপুর।

# অর্পিত পুকুর ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিলে বর্ণিত অর্পিত সম্পত্তির পুকুর বাংলা ১৪৩৩-১৪৩৫ সন পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে (প্রযোজ্যক্ষেত্রে ক্ষতিপূরণসহ) আগামী ২৩/০৭/২০২৬ খ্রি. তারিখে বেলা ৩.০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে উল্লেখিত শর্ত সাপেক্ষে নিম্নোক্ত পুকুরসমূহ অস্থায়ী ইজারা প্রদান করা হবে।

| ক্র. নং | নথি নম্বর | তফসিল | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | ইউনিয়ন | মৌজা | খতিয়ান নং | দাগ নং | পরিমাণ(একর) | সরকারি ডাকমূল্য | |
| ০১ | XIII/ ০৪(এল)৮৩-৮৪ | আলাদীপুর | গকুল | ২৬ | ২২৪১ | ১.৮৮ | ৭৮,১০০/- | ১৪৩২ এর ক্ষতিপূরণ ৩৭৬০/- |
| ০২ | XIII/ ২৬/(এল)৯৮-৯৯ | কাজিয়াল | পুকুরী | ১/১ | ১১৪০ | ৩.৬৫ | ২,৩২,৬৫০/- | ১৪৩২ এর ক্ষতিপূরণ ৭৩০০/- |
| ০৩ | XIII/ ১৩(এল)/০২-০৩ | এলুয়াড়ী | বানাহার | ০২ | ৪৫৪ | ১.১৩ | ৪১,২৫০/- | ১৪৩২ এর ক্ষতিপূরণ ২২৬০/- |
| ০৪ | XIII/১২/০২-০৩ | এলুয়াড়ী | বানাহার | ০২ | ৪৪০ | ১.৭৬ | ২,১৪,৫০০/- | ১৪৩২ এর ক্ষতিপূরণ ৩৫২০/- |
| ০৫ | XIII/ ১৬/০২-০৩ | এলুয়াড়ী | বানাহার | ০২ | ১৪৬৩ | ০.৮৬ | ২২,০০০/- | ১৪৩২ এর ক্ষতিপূরণ ১৭২০/- |
| ০৬ | XIII/১৫/০২-০৩ | এলুয়াড়ী | বানাহার | ০২ | ১৫৪১ | ১.৪১ | ৫৭,২০০/- | ১৪৩২ এর ক্ষতিপূরণ ২৮২০/- |
| ০৭ | XIII /৬৫/৭৮-৭৯<br>XIII ১১(এল)/৭৮-৭৯ | আলাদীপুর | সেনড়া | ১১৫ | ১৬১০ | ১.২৮ | ৭৭,০০০/- | ১৪৩২ এর ক্ষতিপূরণ ২৫৬০/- |
| ০৮ | XIII/ ১২/৮৫-৮৬ | এলুয়াড়ী | ফরিদপুর | ০২ | ১১৭৩ | ০.২১ | ৭,০৪০/- | ১৪৩২ এর ক্ষতিপূরণ ৫০০/- |
| ০৯ | XIII/ ২৩/৭৭-৭৮ | কাজিয়াল | মুরারীপুর | ০২ | ২৬১ | ১.২৩ | ২৩,৬৫০/- | ১৪৩২ এর ক্ষতিপূরণ ২৪৬০/- |
| ১০ | XIII/ ৩২/৮৬-৮৭ | আলাদীপুর | আলাদীপুর | ২৫৬ | ২০২১ | ০.৫৪ | ২২,০০০/- | ১৪৩২ এর ক্ষতিপূরণ ১০৮০/- |
| ১১ | XIII/৪৪৮/৭৭-৭৮ | কাজিয়াল | ঝাজিরা | ৪০ | ০৬ | ০.৩৩ | ১৪,৩০০/- | ১৪৩২ এর ক্ষতিপূরণ ৬৬০/- |
| ১২ | XIII/০৮/২০০২-২০০৩ | কাজিয়াল | আখিঘোটনা | ১০৭ | ৫৮২ | ১.২৬ | ৪৫,৫০০/- | ১৪২৮-১৪৩২ সনের ক্ষতিপূরণ ১২,৬০০/- |
| ১৩ | XIII/০৭/২০০৩-২০০৪ | কাজিয়াল | পুকুরী | ১/১ | ১৬৫৩ | ১.৭৪ | ৫৫,৫০০/- | ১৪৩১-১৪৩২ এর ক্ষতিপূরণ ৩,৪৮০/- |
| ১৪ | XIII/১৩/৭৭-৭৮ | কাজিয়াল | মুরারীপুর | ০২ | ৮২ | ১.০৮ | ২৭,০০০/- | ১৪২৮-১৪৩২ এর ক্ষতিপূরণ ১০,৮০০/- |
| ১৫ | XIII/১৩(এল)/৭৮-৭৯ | কাজিয়াল | মুরারীপুর | ২ | ১৫৯ | ০.৪৯ | ১৬,০০০/- | ১৪৩২ এর ক্ষতিপূরণ ১,০০০/- |
| ১৬ | XIII/৩১/৭৭-৭৮ | কাজিয়াল | মুরারীপুর | ২ | ৭২ | ২.২৫ | ২৫,৮৮০/- | ১৪৩২ এর ক্ষতিপূরণ ৪,৫০০/- |
| ১৭ | XIII/০২(এল)/৮০-৮১ | আলাদীপুর | বাসুদেবপুর | ২৩ | ৩৭৮৩ | ২.১২ | ১,২৫,৫০০/- | |
| ১৮ | XIII/০৪/৭৭-৭৮ | কাজিয়াল | আমড়া | ০২ | ৩৬১ | ১২.০০ | ৬,৮৭,৭৫০/- | |
| ১৯ | XIII/১০/৯৯-২০০০ | কাজিয়াল | পুকুরী | ১/১ | ১৬০৮ | ৪.৫৫ | ৩,১৫,০০০/- | |
| ২০ | XIII/০৮/৯০-৯১ | আলাদীপুর | সেনড়া | ১১৫ | ১২৭১ | ৩.৮০ | ২,১০,০০০/- | |
| ২১ | XIII/০২/৮৭-৮৮ | আলাদীপুর | আলাদীপুর | ২৫৬ | ১৪০০ | ০.৭৯ | ৩১,৫০০/- | |
| ২২ | XIII/১১/০২-০৩ | এলুয়াড়ী | বানাহার | ০২ | ৪১৫ | ০.৫৬ | ২১,০০০/- | |
| ২৩ | XIII/২৪(এল)/৭৬-৭৭ | আলাদীপুর | গকুল | ০২ | ৫২৫ | ১.৩১ | ৭৮,৭৫০/- | |
| ২৪ | XIII/১১/৯৯-২০০০ | কাজিয়াল | রামেশ্বরপুর | ১/১ | ১৮৩৮ | ৫.৭০ | ২,৬২,৫০০/- | |
| ২৫ | XIII/০৪/০২-০৩ | কাজিয়াল | পুকুরী | ১/১ | ১৫৭৬ | ৩.৪১ | ২,১০,০০০/- | |
| ২৬ | XIII/৪৭/৮৩-৮৪ | এলুয়াড়ী | জুঝারপুর | ২৮ | ১৭ | ১.০০ | ৩১,৫০০/- | |
| ২৭ | XIII/০৫/০২-০৩ | কাজিয়াল | নারায়নমাধব | ০২ | ১৩৯ | ৫.১৬ | ৩,১৫,০০০/- | |
| ২৮ | XIII/১৭/০২-০৩ | এলুয়াড়ী | বানাহার | ০২ | ১৫৬৪ | ১.০৯ | ৪৭,২৫০/- | |

**আবেদন ফরম বিক্রয়, গ্রহণ ও খোলার সময় সূচিঃ**

| দরপত্র সংগ্রহ ও দাখিলের স্থান | দরপত্র সংগ্রহের তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১। জেলা প্রশাসকের কার্যালয় (রাজস্ব শাখা), দিনাজপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফুলবাড়ী, দিনাজপুর।<br>৩। উপজেলা ভূমি অফিস, ফুলবাড়ী, দিনাজপুর | ০৯/০৭/২০২৬ খ্রিঃ তারিখ হতে ২১/০৭/২০২৬ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ হতে দুপুর ৪.০০ পর্যন্ত। | ২৩/০৭/২০২৬ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ হতে দুপুর ১.০০ পর্যন্ত | ২৩/০৭/২০২৬ খ্রি. তারিখ বিকাল ৩.০০ ঘটিকা |

## শর্তাবলী

১। বাংলা ১৪৩৩-১৪৩৫ সন পর্যন্ত ৩ বছর মেয়াদে।

২। জলমহল সরেজমিন পরিদর্শন করে জলমহাল সম্পর্কে বিভিন্ন তথ্য জেনে নিশ্চিত হয়ে আবেদন জমা দিতে হবে। পরবর্তীতে এ সংক্রান্ত কোন অভিযোগ গ্রহণযোগ্য হবে না।

৩। নিলাম ডাকে অংশগ্রহণকারীর প্রত্যেকে ডাক শুরুর পূর্বে সরকারি ডাকমূল্যের ৩০% জামানতের টাকা উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর বরাবর সোনালী ব্যাংকের যে কোন শাখায় পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে। সর্বোচ্চ ডাককারীর জামানত ইজারা মূল্যের টাকার সাথে সমন্বয় করা হবে এবং সর্বোচ্চ ডাককারী ব্যতীত সকলের জামানতের টাকা ফেরত প্রদান করা হবে।

৪। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ এর ৫ অনুচ্ছেদের ৪(ড) অনুযায়ী সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় হতে ৫০০/- টাকা জমা প্রদানপূর্বক নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করবেন। নির্ধারিত আবেদন ব্যতীত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

৫। তালিকায় প্রকাশিত কোন জলমহাল নিয়ে বিজ্ঞ আদালতের কোন আদেশ, নিষেধাজ্ঞা কিংবা আপত্তি থাকলে এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে আগামী ১৫/০৭/২০২৬ খ্রি.তারিখের মধ্যে সহকারী কমিশনার (ভূমি), ফুলবাড়ী, দিনাজপুর বরাবর উপর্যুক্ত প্রমানাদিসহ (আবশ্যিকভাবে সার্টিফাইট কপি) দাখিল করতে হবে।

৬। ভূমি মন্ত্রনালয়ের ০৩/১২/২০১৯ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০০২.১৬.৬১৯ নং স্মারকের ৮ নং অনুচ্ছেদ অনুযায়ী পুকুর বা জলাশয় এর এক অংশ অর্পিত সম্পত্তি এবং অপর অংশ ব্যক্তি মালিকানাধীন থাকলে ইজারার ক্ষেত্রে উক্ত ব্যক্তিকে অগ্রাধিকার দেওয়া হবে।

৭। সর্বোচ্চ ডাককারী ঘোষিত হওয়ার ০৭ কার্য দিবসের মধ্যে ইজারার অর্থ নির্ধারিত কোডে জমা প্রদান করতে হবে। অন্যথায় তার জামানত বাতিলপূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। ডাককারীকে ডাকের টাকার ১০% হারে আয়কর, ১৫% (হারে মূল্য সংযোজন কর) ভ্যাট জমা দিতে হবে।

৮। উপর্যুক্ত কর্তৃপক্ষের মঞ্জুরী সাপেক্ষে উক্ত পুকুর অস্থায়ী ইজারা বন্দোবস্ত দেয়া হবে।

৯। ইজারাদার নিজ দায়িত্বে পুকুর পরিষ্কার রাখবেন এবং ইজারাদার পুকুর সংস্কার করতে পারবেন। তবে উক্ত সংস্কার বাবদ কোন অর্থ দাবী করতে পারবেন না।

১০। ইজারাদার পুকুরের প্রকৃতি/শ্রেণি পরিবর্তন করতে পারবেন না এবং পুকুর সংলগ্ন স্থান অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করতে পারবেন না।

১১। ইজারা গ্রহীতা অর্পিত পুকুর কোনক্রমে সাব-লীজ প্রদান করতে পারবেন না। ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে ইজারা গ্রহীতার সকল অধিকার বিলুপ্ত হবে।

১২। ডাকে অংশগ্রহণ করে সর্বোচ্চ ডাককারী বিবেচিত হওয়ার পর ইজারা নিতে অস্বীকার করলে জামানাতের টাকা বাজেয়াপ্ত বলে গণ্য হবে।

১৩। ইজারাদার পুকুরের প্রকৃতি/শ্রেণি পরিবর্তন করতে পারবেন না এবং পুকুর সংলগ্ন স্থান অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করতে পারবেন না।

১৪। ইজারা গ্রহীতা জলমহালের আয়তন হ্রাস-বৃদ্ধি করতে পারবে না। কেউ যাতে অবৈধ অনুপ্রবেশ বা বেদখল করতে না পারে তা ইজারা গ্রহীতা নিশ্চিত করবেন।

১৫। ইজারা গ্রহীতা জলাশয়ের সীমারেখা বজায় রাখবেন। জলাশয়ের পাড়ে কোন বৃক্ষ থাকলে তা কর্তন করতে পারবেন না। তিনি নিজ দায়িত্বে ইজারাকৃত জলাশয়ের সরকারি সম্পত্তি সংরক্ষণ করবেন।

১৬। ইজারা গ্রহীতা উর্ধ্বতন সরকারি/জলাশয় ব্যবস্থাপনা কমিটির সদস্য ও ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তাকে যে কোন সময়ে জলমহাল পরিদর্শনের সুযোগ দিতে ও পরিদর্শন কাজে সহায়তা করতে বাধ্য থাকবেন।

১৭। উপরোক্ত যে কোন শর্ত ভঙ্গের কারণে বা অন্য কোন কারণে কিংবা অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ বিষয়ক বিজ্ঞ ট্রাইব্যুনাল হতে বা এতুদ্দেশ্যে গঠিত অন্য কোন আদালত হতে তফসিলভূক্ত পুকুর অবমুক্তির আদেশের প্রেক্ষিতে কর্তৃপক্ষ ইজারা বাতিল করার ক্ষমতা রাখেন এবং ইজারা লব্ধ টাকার বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

১৮। উপর্যুক্ত শর্তাবলী ব্যতীত সরকারের প্রচলিত সকল আইন কানুন বিধি বিধান প্রযোজ্য হবে।

বি:দ্র: ইজারার মেয়াদ শেষে অর্থাৎ ৩০ চৈত্র ১৪৩৫ সনের পর আর কোনোভাবেই পুকুর থেকে মাছ তুলতে পারবেন না।

০৮/০৭/২৫

(আহমেদ হাছান)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, দিনাজপুর।

স্মারক নং-৩১.০২.২৭৩৮.০০০.১৫.০০১.২০২৬.৮২৭

তারিখ: ০৭ /০৭/২০২৬ খ্রি.

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল।**

১। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), দিনাজপুর।
৪। প্রশাসক, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর।
৫। রেভিনিউ ডেপুটি কালেক্টর, দিনাজপুর।
৬। প্রশাসক, ফুলবাড়ী পৌরসভা, ফুলবাড়ী, দিনাজপুর।
৭। অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা, ফুলবাড়ী, দিনাজপুর। তাকে বর্ণিত তারিখে নিলাম ডাক কার্যক্রমের নিরাপত্তা বিধানকল্পে প্রয়োজনীয় পুলিশ ফোর্স মোতায়নের জন্য অনুরোধ করা হল।
৮। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল), ফুলবাড়ী, দিনাজপুর, (নিলাম বিজ্ঞপ্তি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।)
৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল), ইউনিয়ন ভূমি অফিস, ফুলবাড়ী, দিনাজপুর কে ঢোল সহরতের মাধ্যমে ইজারা ডাকের বিষয়ে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
১০। সভাপতি/ সম্পাদক প্রেস ক্লাব, ফুলবাড়ী, দিনাজপুর
১১। অফিস কপি।

০৮/০৭/২৫

(আহমেদ হাছান)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, দিনাজপুর।